

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন
মন্ত্রণালয়
পরিবেশ অধিদপ্তর
ওজোন সেল
www.doe.gov.bd

নম্বর: ২২.০২.০০০০.০০০.০০৭.০৬.০০০৩.২৫.৯৭৪

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৬ সালের জন্য এইচসিএফসি ও এইচএফসি আমদানি-রফতানির লাইসেন্স এর জন্য আবেদন আহ্বান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ এবং এসআরও নং ৪০-আইন/২০২১ অনুযায়ী যথাক্রমে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য এইচসিএফসি (HCFCs) এবং এইচএফসি (HFCs) বা উক্ত দ্রব্যসমূহের যে কোনো মিশ্রণ আমদানি-রফতানির জন্য পরিবেশ অধিদপ্তর থেকে লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। এ বিষয়ে পরিবেশ অধিদপ্তর প্রতি বছর বাংলাদেশের ব্যবহারের জন্য নির্ধারিত কোটার ভিত্তিতে আগ্রহী উপযুক্ত আমদানিকারকগণের অনুকূলে লাইসেন্স প্রদান করে থাকে।

এ প্রেক্ষিতে, পরিবেশ অধিদপ্তর ২০২৬ সালের ব্যবহারের জন্য এইচসিএফসি ও এইচএফসি বা উক্ত দ্রব্যসমূহের যে কোনো মিশ্রণ আমদানি-রফতানির লাইসেন্স প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এ জন্য আগ্রহী উপযুক্ত আমদানি/রফতানিকারকদের নিকট হতে নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে:

আবেদন দাখিলের সময়সীমা

১৫ ডিসেম্বর ২০২৫ তারিখ ০০ : ০১ টা হতে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ ২৪ : ০০ টা পর্যন্ত

উল্লেখ্য, আবেদনপত্র শুধুমাত্র অনলাইনভিত্তিক বাংলাদেশ সিঙ্গেল উইন্ডো (BSW) প্ল্যাটফর্ম (<https://bswnbr.gov.bd>)-এর মাধ্যমে গ্রহণ করা হবে। আবেদন জমাদানের প্রয়োজনীয় নির্দেশিকা ও অন্যান্য তথ্য BSW পোর্টালে পাওয়া যাবে। যে কোনো সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের ওজোন সেল (০১৭১৬-২২৩৬১৪)-এ যোগাযোগ করা যেতে পারে।

০৯-১২-২০২৫

মোঃ মহিউদ্দিন মানিক

উপপরিচালক ও সদস্য সচিব, ওজোনস্তর
ক্ষয়কারী দ্রব্য ও এইচএফসি আমদানি লাইসেন্স
সংক্রান্ত কমিটি

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক, আই টি শাখা, পরিবেশ অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। সহকারী পরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী পরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রকল্প অফিসার, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি ওজোন সেল ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। সভাপতি, বাংলাদেশ রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং মার্চেন্ট এসোসিয়েশন/বাংলাদেশ আরএসি মালিক শ্রমিক কল্যাণ এসোসিয়েশন/বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি/বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন/ISHRAE/ASHRAE/ঢাকা রেফ্রিজারেশন স্পেয়ার পার্টস ব্যবসায়ী সমবায় সমিতি।।

৬। , ব্যবস্থাপনা পরিচালক/মালিক, সংশ্লিষ্ট আমদানি/রফতানিকারক প্রতিষ্ঠান।।

